

কুয়েতের সর্বোচ্চ জাতীয় পুরস্কার দ্বারা সম্মানিত করা হল ভারতের প্রধানমন্ত্রীকে

22 ডিসেম্বর, 2024

কুয়েতের আমির মহামহিম শেখ মেশাল আল-আহমেদ আল-জাবের আল-সাবাহ কুয়েত-এর সর্বোচ্চ জাতীয় পুরস্কার দ্য অর্ডার অফ মুবারক আল-কবীর প্রদান করে ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে সম্মানিত করেছেন। কুয়েতের প্রধানমন্ত্রী মহামহিম শেখ আহমেদ আল-আব্দুল্লা আল-আহমেদ আল-সাবাহ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

2. ভারত এবং কুয়েতের মধ্যে দীর্ঘমেয়াদী বন্ধুত্ব, কুয়েতে বসবাসকারী ভারতীয় সম্প্রদায় ও ভারতের 1.4 বিলিয়ন নাগরিককে প্রধানমন্ত্রী এই পুরস্কারটি উৎসর্গ করেছেন।

3. 43 বছর পরে কুয়েতে ভারতীয় প্রধানমন্ত্রীর ঐতিহাসিক সফরের সময় এই পুরস্কার প্রদান এই উপলক্ষ্যের সাথে একটি বিশেষ অর্থ যোগ করেছে।

4. এই পুরস্কারটি 1974 সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং তারপর থেকে নির্বাচিত বিশ্বনেতাদের এই সম্মানে সম্মানিত করা হয়েছে।

কুয়েত

22 ডিসেম্বর, 2024